**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) বুনিয়াদী শিক্ষা দপ্তরের নিপুন ত্রিপুরা শাখার উদ্যোগে আগামী ২৩ জুলাই থেকে সারা রাজ্যে শুরু হচ্ছে এন্ডলাইন এসেসমেন্ট সার্ভে ।**

**(২) ঐতিহ্যবাহী খার্চি পূজা ও উৎসবের আজ শেষ দিন ।**

**(৩) বাংলাদেশে সহিংস বিক্ষোভের পরিপ্রেক্ষিতে প্রায় এক হাজার ভারতীয় শিক্ষার্থী বাংলাদেশ থেকে ভারতে ফিরে এসেছে ।**

**(৪) ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার খেলায় আজ ত্রিপুরা স্পোর্টস স্কুল জয়লাভ করেছে ।**

****************************************

**Nipun Tripura :**

বুনিয়াদী শিক্ষা দপ্তরের নিপুন ত্রিপুরা শাখার উদ্যোগে আগামী ২৩ জুলাই থেকে সারা রাজ্যে শুরু হচ্ছে এন্ডলাইন এসেসমেন্ট সার্ভে। তা চলবে ২৬শে জুলাই পর্যন্ত। এই সার্ভের মাধ্যমে তৃতীয় শ্রেনিতে পাঠরত সমস্ত ছাত্রছাত্রীদের ভাষাগত এবং গাণিতিক বিষয়ে মূল্যায়ন করা হবে। উল্লেখ্য প্রায় ৪৭,০০০ ছাত্রছাত্রী নিয়ে

সারা দেশের মধ্যে ত্রিপুরাতেই এই প্রথম এধরণের সার্ভে করা হচ্ছে। এই সার্ভের জন্য ইতিমধ্যে প্রায় ১৩,০০০ শিক্ষক-শিক্ষিকা ও পর্যবেক্ষকদের সার্ভের কাজে নিয়োজিত করা হয়েছে এবং তাদেরকে উপযুক্ত প্রশিক্ষণও প্রদান করা হয়েছে। এর পাশাপাশি জাতীয় শিক্ষানীতি ২০২০-র চতুর্থ বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে আগামী ২২ থেকে ২৮শে জুলাই রাজ্যের সমস্ত বিদ্যালয়গুলোতে পালন করা হবে 'শিক্ষা সপ্তাহ'। ২৮শে জুলাই আয়োজিত হবে শিক্ষক-অভিভাবক সম্মেলন।

******************************

**Panchayet Election :**

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের জন্য পেশ করা মনোনয়নপত্রগুলি গতকাল পরীক্ষা করা হয়। এর মধ্যে জিলা পরিষদ নির্বাচনে ১৭টি মনোনয়নপত্র বাতিল হয়। ৩৬৭টি মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়েছে। রাজ্য নির্বাচন কমিশনের সচিব অসিত কুমার দাস আজ এই সংবাদ জানিয়ে বলেন, গ্রাম পঞ্চায়েতের ৮,৮৭৩টি মনোনয়ন বৈধ বলে বিবেচিত হয়েছে এবং ১২৫টি মনোনয়নপত্র বাতিল হয়েছে। পঞ্চায়েত সমিতি নির্বাচনে ৭৫৬টি মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়েছে এবং ২৭টি মনোনয়নপত্র বাতিল হয়েছে।

*************************

**Election-Ambasa :**

পঞ্চায়েত নির্বাচনে আমবাসা ব্লকের অন্তর্গত ৭টি গ্রাম পঞ্চায়েতের ৬৫টি আসনের জন্য ১৩৮ জন প্রার্থী ও আমবাসা পঞ্চায়েত সমিতির ৯টি আসনের জন্যে ২৪ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল

করেছেন। রিটার্নিং অফিসার তথা আমবাসা ব্লকের বিডিও মুনমুন দেববর্মা জানান, গতকাল স্ক্রুটিনি শেষে গ্রাম পঞ্চায়েতে ২টি মনোনয়নপত্র ও পঞ্চায়েত সমিতিতে ১টি মনোনয়নপত্র বাতিল হয়েছে।

***************************

**Kharchi Utsab :**

সাতদিনব্যাপী রাজ্যের ঐতিহ্যবাহী খার্চি পূজা ও উৎসবের আজ শেষ দিন। এই উপলক্ষে খয়েরপুরে পুরাতন হাভেলির চতুর্দশ দেবতা মন্দির প্রাঙ্গণে কৃষ্ণমালা মুক্ত মঞ্চে সমাপ্তি অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ, পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারপারসন বিশ্বজিৎ শীল। এছাড়া অনুষ্ঠানে সভাপতি হিসাবে উপস্থিত ছিলেন খার্চি উৎসব কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক রতন চক্রবর্তী। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী রতন নাথ বলেন ত্রিপুরা সংস্কৃতির পীঠস্থান। রাজ্যের এই ঐতিহ্যবাহী খার্চী মেলা জাতি উপজাতি সকল অংশের মানুষের মিলনক্ষেত্র। সকলের সার্বিক সহযোগিতায় আজ খার্চি উৎসব মিলনক্ষেত্রে পরিণত হয়েছে। তিনি এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ার লক্ষ্যে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। শেষ দিনে খার্চি উৎসবকে ঘিরে চতুর্দশ দেবতা মন্দির প্রাঙ্গনে প্রচুর পরিমাণে দর্শনার্থীর সমাগম হয়েছে। উল্লেখ্য, উৎসবের শেষ দিনটি রাজ্য সরকার ছুটির দিন হিসেবে ঘোষণা করে। উল্লেখ্য ১৪ জুলাই মুখ্যমন্ত্রী প্রফেসর ডক্টর মানিক সাহা সাত দিন ব্যাপী এই উৎসব ও প্রদর্শনীর সূচনা করেন।

***************************

**New 3 criminal law :**

নতুন তিন ফৌজদারি আইন সম্পর্কে সাধারন নাগরিকদের সতেচতন করতে আজ রুপাইছড়ি ব্লকের অন্তর্গত চাতকছড়িতে এক শিবিরের আয়োজন করা হয়। সাব্রুম মহকুমা আইনসেবা কমিটির উদ্যোগে এই শিবিরে আলোচনা করেন আইনজীবী আপন দত্ত সহ অন্যরা। শ্রী দত্ত বলেন, নতুন তিন ফৌজদারি আইন গত ১ জুলাই গোটা দেশের সঙ্গে রাজ্যেও বলবৎ হয়েছে। নতুন আইনে মহিলাদের জন্য বেশকিছু সুবিধা রয়েছে।

**************************

**Accident death :**

যান দুর্ঘটনায় আহত এক শিশু কণ্যার আজ জিবি হাসপাতালে মৃত্যু হয়েছে। জিবি ফাঁড়ির পুলিশ জানিয়েছে, গত ১৮ জুলাই খার্চি মেলা থেকে কালী বাজার ফেরার পথে এই শিশুটি সহ তার পরিবার যে অটোতে ছিলেন রেশন বাগান এলাকায় সেটি উল্টে যায়। এই ঘটনায় অটো চালক সহ আহত সবাইকে জিবি হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় আজ শিশুটির মৃত্যু হয়েছে।

****************************

**Returned from Bangladesh :**

বাংলাদেশে সহিংস বিক্ষোভের পরিপ্রেক্ষিতে প্রায় এক হাজার ভারতীয় শিক্ষার্থী বাংলাদেশ থেকে ভারতে ফিরে এসেছে। বিদেশ মন্ত্রক জানিয়েছে, বিভিন্ন স্থলবন্দর দিয়ে এবং ঢাকা ও চট্টগ্রাম বিমানবন্দর দিয়ে নিয়মিত উড়ানের মাধ্যমে প্রায় ২০০ শিক্ষার্থী দেশে ফিরেছে। মন্ত্রক জানিয়েছে, ঢাকায় ভারতীয় হাইকমিশন

এবং চট্টগ্রাম, রাজশাহী, সিলেট ও খুলনায় সহকারী হাইকমিশনগুলি ভারতীয় নাগরিকদের দেশে ফিরতে সহায়তা করছে।

ভারতীয় নাগরিক ও শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করতে হাইকমিশন এবং সহকারী হাইকমিশনগুলি বাংলাদেশ কর্তৃপক্ষের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছে।

**************************

**Indian students-Srimantapur :**

রাজ্যের সোনামুড়ার শ্রীমন্তপুর আন্তর্জাতিক স্থলবন্দর দিয়ে নিজ দেশে ফিরে আসছেন বহু ভারতীয় ছাত্রছাত্রী। এই স্থলবন্দরটি দিয়ে আজ সন্ধ্যা পর্যন্ত প্রায় ২৫০ জন ছাত্রছাত্রী দেশে ফিরেছে। তাদের বেশিরভাগই বাংলাদেশের বিভিন্ন মেডিক্যাল কলেজের পড়ুয়া। বি.এস.এফ জানিয়েছে, ভারতীয় দূতাবাসের নির্দেশে শ্রীমন্তপুর স্থলবন্দর দিয়ে যাত্রী পারাপারের নির্ধারিত সময় পেরিয়ে গেলেও এইসব পড়ুয়ারা আসতে পারবেন। শ্রীমন্তপুর স্থলবন্দরে ভারতীয় পড়ুয়াদের খাবার দাবার সহ প্রয়োজনীয় সহায়তা করছে বি.এস.এফ, ল্যান্ডপোর্ট কর্তৃপক্ষ, সোনামুড়া মহকুমা প্রশাসন ও আরক্ষা কর্তৃপক্ষ। শ্রীমন্তপুরে উপস্থিত ছিলেন বি.এস.এফের কমান্ডেন্ট রাকেশ সিনহা, সেকেন্ড ইন কমান্ড আর.লাংঘে, সোনামুড়া মহকুমা পুলিশ আধিকারিক শশীমোহন দেববর্মা, ডি.সি.এম শুভজিৎ পাল প্রমুখ। আগত ছাত্র-ছাত্রীদের বেশিরভাগেরই বাড়ি ভারতের আসাম, মনিপুর, মেঘালয়, পশ্চিমবঙ্গ তামিলনাড়ু ও উত্তরাখন্ডে। তাদের আগরতলায় ভগৎ সিং যুব আবাসে থাকার ব্যবস্থা করা হয়েছে। কমান্ডেন্ট শ্রী

সিনহা জানান, কোন পড়ুয়ার চিকিৎসার প্রয়োজন হলে তারও ব্যবস্থা করবে বি.এস.এফ। ভারতীয় পড়ুয়ারা নিজ দেশে ফিরতে পেরে খুশি। তারা ধন্যবাদ জানিয়েছেন বাংলাদেশস্থিত ভারতীয় দূতাবাস কর্তৃপক্ষকে।

দূতাবাসের আবেদনে সাড়া দিয়ে বাংলাদেশ পুলিশ এসকর্ট করে ভারতীয় পড়ুয়াদের বাংলাদেশ ভূখণ্ডের বিবিরবাজার সীমান্ত চেকপোস্ট পর্যন্ত পৌঁছে দিয়েছে।

রাজ্য পুলিশের এআইজি (আইন-শৃঙ্খলা) অনন্ত দাস আজ আকাশবাণীকে জানান শ্রীমন্তপুর সীমান্ত দিয়ে ভারতীয় ছাত্রছাত্রীদের ভারত সরকারের উদ্যোগে বাংলাদেশ থেকে রাজ্যে আনা হয়েছে। আগামীকালও আরো কিছু ভারতীয় ছাত্রছাত্রী সীমান্ত দিয়ে রাজ্যে পৌঁছাবে বলে তিনি জানান।

এদিকে, বাংলাদেশের ব্রাহ্মণবাড়িয়া মেডিকেল কলেজে পাঠরত চারজন ভারতীয় ছাত্র আজ আগরতলার আখাউড়া স্থলবন্দর দিয়ে দেশে ফিরে এসেছে। এদের মধ্যে তিনজন আসামের এবং একজন মেঘালয়ের। তারা জানিয়েছে, ঢাকাস্থিত ভারতীয় দূতাবাস দেশে ফিরে আসতে তাদের সবধরনের সহায়তা করেছে।

*****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮শে জুলাই সকাল ১১টায় অনুষ্ঠেয় মন কি বাতের জন্য জনগণকে তাদের মতামত ও পরামর্শ পাঠানোর অনুরোধ জানিয়েছেন। গতকাল সামাজিক মাধ্যমে শ্রী মোদি বলেছেন, তিনি আসন্ন মন কি বাতের জন্য

অসংখ্য পরামর্শ পাচ্ছেন। প্রধানমন্ত্রী জনগণকে MyGov ও NaMo অ্যাপে মতামত পাঠাতে বা 1800117800 নম্বরে তাদের বার্তা রেকর্ড করার আহ্বান জানিয়েছেন।

****************************

**All Party Meeting :**

সংসদের বাজেট অধিবেশন উপলক্ষে সরকার আগামীকাল সর্বদলীয় বৈঠক ডেকেছে। বৈঠকে সংসদের উভয় কক্ষের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সরকার সব রাজনৈতিক দলের সহযোগিতা চাইবে। আকাশবাণী সংবাদদাতা জানাচ্ছেন যে সংসদের বাজেট অধিবেশন আগামী সোমবার শুরু হবে এবং মঙ্গলবার অর্থমন্ত্রী নির্মলা সীতারামন লোকসভায় ২০২৪-২৫ সালের কেন্দ্রীয় বাজেট পেশ করবেন।

এটি হবে নরেন্দ্র মোদী সরকারের তৃতীয় মেয়াদে প্রথম বাজেট। এই বাজেট অধিবেশনে সরকার ছয়টি নতুন বিল আনতে পারে।

***************************

**Tree Plantation :**

বিজেপি বনমালীপুর মন্ডলের উদ্যোগে আজ বৃক্ষরোপন কর্মসূচির আয়োজন করা হয়। আগরতলার ঝুলন্ত ব্রিজ এলাকায় এই বৃক্ষরোপন কর্মসূচিতে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, কর্পোরেটর অঞ্জনা দাস ও বনমালীপুর মন্ডল সভাপতি চন্দ্রশেখর দেব।

*****************************

**Youth Congress Meeting :**

ত্রিপুরার দায়িত্বপ্রাপ্ত প্রদেশ যুব কংগ্রেস পর্যবেক্ষক শেরিফা রহমানের উপস্থিতিতে আজ কংগ্রেস ভবনে প্রদেশ যুব কংগ্রেসের বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে দলীয় প্রার্থীদের পক্ষে প্রচারের রণকৌশল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন প্রদেশ যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা ও অন্যান্য নেতৃবৃন্দ।

***************************

**Blast-Agartala :**

আগরতলার ফায়ার সার্ভিস চৌমুহনী সংলগ্ন ডাক্তার বিশ্বজিৎ সূত্রধর এর বাড়িতে বিস্ফোরণের ঘটনায় ফরেনসিক রিপোর্ট এখনো পাওয়া যায়নি। রাজ্য পুলিশের এআইজি আইন শৃঙ্খলা অনন্ত দাস জানিয়েছেন আগামী সোমবার নাগাদ ফরেনসিক রিপোর্ট আসার কথা রয়েছে। তিনি জানান ফরেনসিক রিপোর্ট না আসা পর্যন্ত বিস্ফোরণের কারণ সুনির্দিষ্ট ভাবে বলা যাচ্ছে না। ঘটনাস্থল থেকে বেশ কিছু নমুনা সংগ্রহ করা হয়েছে বলে ও তিনি জানান। বিস্ফোরণের ঘটনায় আহত ডা: বিশ্বজিৎ সূত্রধর ও তার স্ত্রী রূপা সূত্রধরকে এয়ার অ্যাম্বুলেন্সে করে চিকিৎসার জন্য বহিরাজ্যে পাঠানো হয়েছে। ডা: সূত্রধরের অবস্থা বর্তমানে স্থিতিশীল রয়েছে।

******************************

**Second Division :**

ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার খেলায় আজ ত্রিপুরা স্পোর্টস স্কুল জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল ৩-০ গোলে নবোদয়

সংঘকে পরাজিত করে। একই মাঠে ত্রিপুরা পুলিশ ও মৌচাক ক্লাবের অপর খেলাটি ১-১ গোলে ড্র হয়।

*****************************

**Senior Cricket Tournament-Baikhora :**

শান্তিরবাজার মহকুমা ক্রিকেট এসোসিয়েশনের আয়োজিত সিনিয়র ক্রিকেট টুর্নামেন্ট চ্যালেঞ্জার ট্রফির আজকের ম্যাচে মুহুরীপুর জনকল্যাণ সমিতি ১৬৩ রানে ব্রু জোয়ান মথু কে পরাজিত করে। প্রথমে ব্যাট করতে নেমে বিজয়ী দল ৪৪.৩ ওভারে ২৫৯ রানে অলআউট হয়ে যায়। দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে ২১.৩ ওভারে ৯৬ রানে অলআউট হয়ে যায় ব্রু জোয়ান মথুর ব্যাটসম্যানরা।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রি সেলসিয়াসএবং সর্বনিম্ন ২৬ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*******************************